

এই বৃষ্টির ভেতর থেকে

শ্রীজাতে

এই বৃষ্টির ভেতর থেকে উঠবে যখন
এক হাঁটুজল পেরিয়ে আসা রিক্সাঅলা
জলের ওপর ফেলবে ছায়া অল্প হেসে
ছটফটে সব ব্যলকনিদের ন'দশতলা
উল্টে যাবে কৃষ্ণচূড়া, ব্যানার, খুঁটি
হাঁটুর ওপর প্যান্টগুটিয়ে সামলে চলা
তখন আমার কলকাতাকে ক্লাস্ত দেখায়
কোচিং ফেরৎ, একলা মেয়ে রজস্বলা।

নিমফল

মন্দাক্রান্তা সেন

পাকা নিমফলের মতো
পেকে উঠছে ছোট ছোট বেদনা আমার
বুলে থাকছে, ঝুঁকে থাকছে
বিপজ্জনক ভঙ্গিমাতে

তোমার পোষাই, কিন্তু বাস্তবিক বুনো,
অত্যন্ত নিষ্ঠুর, পাজি, ধুরন্ধর, ডাহা বেত্‌তমিজ
ধারালো বাঁকানো লাল তীক্ষ্ণ ঠোঁটঅলা

টিয়া পাখিটার অপেক্ষায়